

# CUET, KUET ও RUET ১ম বর্ষ ভর্তি প্রক্রিয়া

## ১. রিপোর্টিং (ভর্তির প্রথম দিন):

- ভর্তিচ্ছু প্রার্থীদের Students Welfare Centre (SWC) এর ২য় তলায় নির্ধারিত কর্মকর্তার নিকট রিপোর্ট করতে হবে
- হাজিরা শীটে স্বাক্ষর করে নিজের ফোন নাম্বার লিখতে হবে

## ২. বোর্ডে কার্যক্রম:

- মেধা তালিকা অনুযায়ী সারিবদ্ধভাবে দাড়াতে হবে।
- অতঃপর বোর্ডে / সনদ নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত হতে হবে।
- বোর্ডে / সনদ নিরীক্ষা কমিটির নিকট নিম্নলিখিত কাগজপত্র/সনদ দাখিল করতে হবে।
  - ক) HSC/সমমান - রেজিস্ট্রেশন কার্ড, প্রশংসাপত্রের মূলকপি, গ্রেডশীটের মূলকপি
  - খ) SSC/সমমান - মূল সনদপত্র, গ্রেডশীটের মূলকপি
  - গ) সমন্বিত ভর্তি পরীক্ষার স্বাক্ষরযুক্ত প্রবেশপত্র
  - ঘ) পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট ছবি (সত্যায়ন ব্যতীত) - ০২ কপি
- পছন্দক্রম চূড়ান্ত করতে হবে।
- জমাকৃত মূল কাগজপত্র/সনদ জমার রিসিভ কপি গ্রহণ করতে হবে।

## ৩. মেডিকেল সেন্টারে কার্যক্রম:

- মেডিকেল সেন্টারে উপস্থিত হয়ে জমাকৃত কাগজপত্র/সনদের রিসিভ কপি দেখিয়ে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে।

## ৪. ভর্তি ফি জমার কার্যক্রম (ভর্তির ২য় দিন অথবা বিশেষ প্রয়োজনে ১ম দিন):

- স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে SWC ২য় তলায় এসে নির্ধারিত কর্মকর্তার নিকট থেকে ভর্তি ফি জমা দেবার স্লিপে স্বাক্ষর সংগ্রহ করতে হবে।
- অতঃপর জনতা ব্যাংক, কুয়েট শাখায় ভর্তি ফি জমা দিতে হবে।
- ব্যাংকের জমার রশিদ সহ পুনরায় SWC ২য় তলায় এসে জমা রশিদের এক কপি নির্ধারিত কর্মকর্তার নিকট জমা দিতে হবে এবং অন্য কপি (কর্মকর্তার স্বাক্ষর করা) প্রার্থী নিজের কাছে সংরক্ষণ করবে।